

উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির আগষ্ট/ ২০১৮ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
তারিখ : ১৬/০৮/ ২০১৮ খ্রি, সময় : সকাল : ১১.৫০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট "ক" (হাজিরার ক্রমানুসারে)

সভার শুরুতে সভাপতি বেলকুচি উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির উপস্থিতি সকল সদস্য ও সূবিধানকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, বাল্যবিবাহ নিরোধকল্পে বেলকুচির সর্বত্তরের জনসাধারণের প্রচেষ্টায় এখানে বাল্যবিবাহ নেই বললেই চলে। তবুও সকলকে সর্বদা সতর্ক থাকতে হবে। অভিভাবক মহলকে আরো সচেতন করতে হবে।

অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে সর্বসমতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---------|---|---|--|
| ০১ | পৌরসভা, ইউনিয়ন, ওয়ার্ড এবং গ্রাম পর্যায়ে সচেতনতামূলক সভা | বাল্যবিবাহ নিরোধকল্পে পৌরসভার মেয়র/কাউন্সিলর, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিব, ওয়ার্ড মেম্বর, ছানামী প্রতিনিধি ও সাধারণ মানুষের সমন্বয়ে সভা/সমাবেশ করে বাল্য বিবাহের ক্ষতিকর দিক সম্পর্কে জনসাধারণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সচিব, ওয়ার্ড মেম্বর |
| ০২ | কাজীদের আলোচনা ব্যাপারে | যাদের উপযুক্ত বয়স হয়নি তাদের বিবাহ পড়ানো থেকে কাজীদের বিরত থাকার এবং যে সকল কাজীগণ অন লাইনে জন্ম সনদ ছাড়া অন্য কৌশলে বিবাহ রেজিস্ট্র পরিচালনা করবেন তাদের বিরুদ্ধে আইমানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, কাজী সমিতি |
| ০৩ | বাল্য বিবাহ, যৌন হয়রানী নিরোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যহত রাখা | বাল্য বিবাহ, যৌন হয়রানী নিরোধে মোবাইল কোর্ট পরিচালনা আরো জোরাবর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/অফিসার ইনচার্জ |
| ০৪ | বাল্যবিবাহের ক্ষতিকর দিকগুলোর বিষয়ে কোমলমতি | বাল্যবিবাহের ক্ষতিকর দিকগুলোর বিষয়ে কোমলমতি ছেলেমেয়েদের সচেষ্ট করার লক্ষ্যে স্কুল, কলেজ, মদ্রাসা, মসজিদ, মন্দিরে গণসচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠান অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সচিব |
| ০৬ | বিয়ে রেজিস্ট্র করার পূর্বে মেয়ের বয়স নিশ্চিত হওয়ার জন্য স্কুল/কলেজ ও ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা এবং অন লাইনে বয়সের সঠিকতা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিয়ে রেজিস্ট্র করার পূর্বে মেয়ের বয়স নিশ্চিত হওয়ার জন্য স্কুল/কলেজ ও ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা এবং অন লাইনে বয়সের সঠিকতা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মেয়র/চেয়ারম্যান সকল ইউপি |
| ০৭ | অন্য জয়গাতে নিয়ে বাল্য বিবাহ পড়ানো | যারা নিজ এলাকাতে বাল্য বিবাহ না দিতে পেরে অন্য জেলা বা উপজেলাতে নিয়ে বিয়ে পড়ান তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, কাজী সমিতি |
| ০৮ | মসজিদের ইমামগণ খুৎবার পূর্বে মৌতুক ও বাল্য বিবাহ বিরোধী বক্তব্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মসজিদের ইমামগণ খুৎবার পূর্বে মৌতুক ও বাল্য বিবাহ বিরোধী বক্তব্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক ইসলামিক ফাউন্ডেশন |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ ওলিউজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার

ও সভাপতি

উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি

বেলকুচি, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।
belkuchi.sirajganj.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক ন.- ০৫.৪৩.৮৮১১.০০১.৩১.০১৮.১৭-১০৬৭ (৫০)

তারিখ: ১৯/০৮/২০১৮ খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জনাব আলহাজ্র মোঃ আব্দুল মজিদ মস্তুল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬ সিরাজগঞ্জ-৫।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৫। মেয়ার, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৭। সহকারী কমিশনর (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৮। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
- ৯। উপজেলা..... অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১০। চেয়ারম্যান/সচিব, বেলকুচি সদর/রাজাপুর/ভান্দাবাড়ি/দৌলতপুর/ধুকুরিয়াবেড়া/বড়ধূল ইউ, পি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বেলকুচি প্রেস ক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক, কাজী সমিতি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১৩। জনাব,.....।
- ১৪। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৫। অফিস নথি।


উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ